


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জুডিসিয়াল মুন্সিখানা শাখা
কুমিল্লা
www.comilla.gov.bd

গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজনৈতিক শাখা-৪, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এর ২৫ আগস্ট ২০২৪ তারিখের ৪৪.০০.০০০০.০৭৭.২১.০২৫.২০২১-৩৩০ স্মারকের আলোকে বিগত ২০০৯ সালের ০৬ জানুয়ারি হতে ২০২৪ সালের ০৫ আগস্ট পর্যন্ত ব্যক্তিগত নিরাপত্তার জন্য প্রদত্ত সকল আগ্নেয়াস্ত্রের লাইসেন্স (কর্মরত সামরিক- অসামরিক কর্মকর্তা ব্যতীত) স্থগিত করা হলো। স্থগিতকৃত লাইসেন্সভুক্ত আগ্নেয়াস্ত্র ও গোলাবারুদ সমূহ আগামী ০৩ সেপ্টেম্বর ২০২৪ তারিখের মধ্যে লাইসেন্স গ্রহীতার স্থায়ী ঠিকানার থানায় অথবা বর্তমান বসবাসের ঠিকানার নিকটস্থ থানায় লাইসেন্স গ্রহীতা নিজে/ মনোনীত প্রতিনিধির মাধ্যমে জমা প্রদান করবেন। উক্ত তারিখের মধ্যে কোন অস্ত্র/ গোলাবারুদ থানায় জমা না দেওয়া হলে অবৈধ অস্ত্র হিসেবে গণ্য করে অস্ত্র আইনে মামলা হবে। ইতোমধ্যে যাদের আগ্নেয়াস্ত্র থানা, জেলা ট্রেজারী ও আর্মস ডিলারদের নিকট জমা রাখা আছে; তাদের ক্ষেত্রে অস্ত্র জমাদানের বিষয়টি প্রযোজ্য হবে না মর্মে নির্দেশ প্রদান করা হলো।


খন্দকার মুঃ মুশফিকুর রহমান
জেলা ম্যাজিস্ট্রেট
কুমিল্লা
ফোন-০২৩৩৪৪০০০১
dcomilla@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.২০.১৯০০.০১৫.৩৫.২১১.২৩-১৬৪৪


তারিখ : ২২ ভাদ্র ১৪৩১
২৭ আগস্ট ২০২৪

অনুলিপি: সদয় অবগতির জন্য : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

অনুলিপি-অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট (সকল)।
- ২। পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, কুমিল্লা।
- ৩। অধিনায়ক, ১০ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, কুমিল্লা।
- ৪। কোম্পানী কমান্ডার, র‍্যাব-১১ সিপিসি-২, কুমিল্লা।
- ৫। যুগ্ম পরিচালক, এনএসআই, কুমিল্লা।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), কুমিল্লা। (বিজ্ঞপ্তিটি ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, কুমিল্লা।
- ৮। সিনিয়র তথ্য অফিসার, জেলা তথ্য অফিস, কুমিল্লা। (বিজ্ঞপ্তিটি কুমিল্লা জেলার সর্বত্র বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, কুমিল্লা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। অফিসার ইন-চার্জ, থানা (সকল), কুমিল্লা।
- ১১। সভাপতি/ সাধারণ সম্পাদক, কুমিল্লা প্রেস ক্লাব, কুমিল্লা। (গণবিজ্ঞপ্তিটি পত্রিকায় সৌজন্যমূলক প্রকাশের অনুরোধসহ)।
- ১২। সাধারণ সম্পাদক, কুমিল্লা রাইফেল ক্লাব, কুমিল্লা।


জেলা ম্যাজিস্ট্রেট
কুমিল্লা